

প্রাপক: প্রিন্সিপালগণ, UFT, PTA, এবং কাস্টোডিয়ান ইঞ্জিনিয়ারগণ

বিষয় AHERA ম্যানেজমেন্ট প্ল্যান: বার্ষিক অবহিতকরণ
(শিক্ষা বছর 2025-2026)

প্রেরক: NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন
স্কুল ফ্যাসিলিটিজ-এর হেলথ অ্যান্ড সেফটি ডিভিশন

তারিখ: 21 আগস্ট, 2025

1987 সালে প্রণীত, U.S. এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (US EPA) অ্যাসবেস্টস হাজার্ড ইমার্জেন্সি রেসপন্স অ্যাক্ট (AHERA), 40 CFR পার্ট 763, সাবপার্ট E -এর অনুবর্তীতায়, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন সময়ে সময়ে আমাদের ফ্যাসিলিটিগুলোতে অ্যাসবেস্টস-যুক্ত ভবনের উপকরণে (অ্যাসবেস্টস-কন্টেইনিং বিল্ডিং ম্যাটেরিয়াল, ACBM) বিভিন্ন পরিদর্শন পরিচালনা করে।

পরিদর্শনের পদ্ধতি

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ লেবার এবং U.S. এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি কর্তৃক সনদপ্রাপ্ত স্বীকৃত অ্যাসবেস্টস ইন্সপেক্টরগণ (পরিদর্শক) পরিদর্শন করেছেন। একজন স্বীকৃত ব্যবস্থাপনা পরিকল্পনাকারী (ম্যানেজমেন্ট প্ল্যানার), যিনিও উভয় এজেন্সি দ্বারা প্রত্যায়িত, পরিদর্শনের ফলাফলগুলো পর্যালোচনা করেছেন, এবং প্রয়োজন অনুযায়ী বিল্ডিংয়ের যেখানে অ্যাসবেস্টস-যুক্ত উপকরণগুলো নিরাপদভাবে ব্যবস্থাপনা করতে বিভিন্ন পদক্ষেপ সুপারিশ করেন।

ফলাফল

AHERA ব্যবস্থাপনা পরিকল্পনায় পরিদর্শনের ফলাফল রয়েছে, যা কোনো খরচ বা বিধিনিষেধ ছাড়াই পিতামাতা, শিক্ষক এবং অন্যান্য স্কুল কর্মী, এবং তাদের প্রতিনিধিবৃন্দ সহ জনগণের পর্যালোচনার জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ (প্রশাসনিক) অফিসে লভ্য আছে। সর্বশেষ AHERA ম্যানেজমেন্ট প্ল্যান এবং পিরিয়ডিক সার্ভিল্যান্স ডেট (AHERA ব্যবস্থাপনা পরিকল্পনা ও পর্যায়ক্রমিক নজরদারির তারিখ) আলাদাভাবে সংশ্লিষ্ট স্কুলের ওয়েবসাইট <https://www.schools.nyc.gov/>-এ পোস্ট করা আছে।

যোগাযোগ

NYCDOE-এর পক্ষ থেকে স্থানীয় শিক্ষা এজেন্সির (লোকাল এডুকেশন এজেন্সি, LEA) মনোনীত ব্যক্তি হলেন অফিস অভ এনভায়রনমেন্টাল হেলথ অ্যান্ড সেফটি-এর (EHS) এক্সিকিউটিভ ডিরেক্টর সারিতা থুমা (Saritha Thumma)। এই বিজ্ঞপ্তি অথবা যেসব বিল্ডিংয়ে অ্যাসবেস্টস-যুক্ত উপকরণ সম্পর্কে যেকোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে EHS-এর সাথে যোগাযোগ করুন:

- ফোন: (718) 610-3111
- ইমেইল: EHSrequest@schools.nyc.gov